




বাংলাদেশ কৃষি ব্যাংক

বিভাগীয় নিরীক্ষা কার্যালয়

মনছুর ম্যানশন, দাদাপুর সড়ক

কুষ্টিয়া।

☎: 071-72375; daokushtia@krishibank.org.bd



বিনিকা/কুষ্টিয়া/প্রশাসন-৩(৬২)/২০২০-২০২১/৭২১

তারিখ : ২৯/০৩/২০২১খ্রিঃ

বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, কুষ্টিয়া এর জানুয়ারী/২০২১ হতে মার্চ/২০২১ সময়ের (৩য় প্রান্তিকের) শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ আব্দুল মালেক

তারিখ ও সময় : ২৯/০৩/২০২১ খ্রিঃ, সকাল : ১১.০০ ঘটিকা

স্থান : বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তার অফিস কক্ষ

০১। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা ২০২০-২০২১ অনুযায়ী বিকেবি, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগের ২৮/০৯/২০২০ খ্রিঃ তারিখের পত্র নং প্রকা/শানিব্যউবি-৮(অংশ-৮)শুদ্ধাচার/২০২০-২০২১/৫৩০(১২৫) মোতাবেক বিকেবি, বিনিকা, কুষ্টিয়া এর জানুয়ারী/২০২১ হতে মার্চ/২০২১ সময়ের (৩য় প্রান্তিকের) শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা জনাব মোঃ আব্দুল মালেক সভাপতিত্ব করেন। সভায় নিম্নোক্ত কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

| ক্রঃ নং | কর্মকর্তার নাম | পদবী | মন্তব্য |
|---------|--------------------------------|--------------------------|--------------------------------------|
| ০১ | জনাব কে, এম, মোস্তাফিজুর রহমান | সহকারী মহাব্যবস্থাপক | সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ০২ | জনাব মোঃ মুনজুরুল হক | উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা | সদস্য |
| ০৩ | জনাব বিপ্লব মৈত্র | মুখ্য কর্মকর্তা | সদস্য |
| ০৪ | জনাব খান মহম্মদ নজরুল ইসলাম | উর্ধ্বতন কর্মকর্তা | সদস্য |
| ০৫ | জনাব মোঃ আব্দুল জলিল মিঞা | কর্মকর্তা | সদস্য |

০২। সভাপতি মহোদয় ২০২০-২০২১ অর্থ বছরের ৩য় প্রান্তিকের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করেন। শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা/২০২০-২০২১ অনুযায়ী গৃহীত সকল কার্যক্রম দায়সারাভাবে সম্পাদন না করে সর্বস্তরে প্রকৃত অর্থেই শুদ্ধাচার চর্চা বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করার জন্য সকল কর্মকর্তা/কর্মচারীবৃন্দকে আহবান করেন।

(পাতা নং-০২)

০৩। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে অত্র কার্যালয়ের সহকারী মহাব্যবস্থাপক জনাব কে, এম, মোস্তাফিজুর রহমান, সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানুয়ারী/২০২১ হতে মার্চ/২০২১ সময়কালের ৩য় প্রান্তিকের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা এবং বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনার জন্য উপস্থাপন করেন।

০৪। সভায় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বিষয়ের উপর বিস্তারিত আলোচনায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।
(ক) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি ও ৩য় প্রান্তিকের (জানুয়ারী/২১ হতে মার্চ/২১) প্রতিবেদন প্রস্তুতকরতঃ NIS Tab এ আপলোড করতে হবে।


(খ) ২০২০-২০২১ অর্থ বছরের অভ্যন্তরীণ ও বহিঃ নিরীক্ষা অনিস্পন্ন নিরীক্ষা আপত্তির অনুচ্ছেদসমূহের আনুপাতিক হারে নিস্পত্তি করার কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে।

(গ) বাণিজ্যিক নিরীক্ষার অগ্রিম ও সাধারণ অনুচ্ছেদের বস্তুনিষ্ঠ নিস্পত্তিমূলক ব্রডসীট জবাব সংশ্লিষ্ট শাখা হতে সংগ্রহ পূর্বক সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ নিশ্চিত করতে হবে।

(ঘ) অভ্যন্তরীণ নিরীক্ষা নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করণ ও অনিস্পন্ন আপত্তিসমূহ নিস্পন্ন করার জন্য অঞ্চল ভিত্তিক ক্র্যাশ প্রোগ্রামের আয়োজন করতে হবে।

(ঙ) সরকার ঘোষিত প্রনোদনা মূলক প্যাকেজের আওতায় ঋণ কর্মসূচী বাস্তবায়নের সঠিকতা ও স্বচ্ছতা যাচাই এর বিষয়ে আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তাগণকে বিশেষভাবে নজরদারি বাড়াতে হবে।

০৫। সভায় আর কোন আলোচ্য সূচী না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মোঃ আব্দুল মালেক) ২০২১
সভাপতি
শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি
ও
বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা
বিকেবি, বিনিকা, কুষ্টিয়া।